ফন্ট কেস পরিবর্তন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৪

tutorial.hamimit.com/ফন্ট-কেস-পরিবর্তন-করা

ফন্ট কেসপরিবর্তন করে ডকুমেন্টকে আরো কার্যকরী করার লক্ষ্যে এ কমান্ড ব্যবহার করা হয়ে থাকে। এম এস ওয়ার্ড ২০১৬ ব্যবহার করে টেক্সট এর বিভিন্ন কেস ব্যবহার করার সুযোগ রয়েছে।

আপনি ইচ্ছে করলে কীবোর্ডের **Shift** কী চেপে বড় হাতের অক্ষর টাইপ করতে পারেন। এবং কীবোর্ডের **Caps Lock** অন করে বড় হাতের অক্ষর টাইপ করা যায়।

কিন্তু একবার টাইপ করে ফেললে তা পুনরায় ভিন্ন কেসে পরিবর্তন করার জন্য **Change Case** কমান্ড ব্যবহার করা হয়ে থাকে।


এ অধ্যায়ে ডকুমেন্টের টেক্সট কিভাবে **Sentence Case, lower Case, UpperCase, Capitalize Each Word, tOGGLE cASE** এ পরিবর্তন করার পদ্ধতি বিস্তারিত আলোচনা করা হয়েছে।

টেক্সট Sentence Case এ পরিবর্তন করা

কোন বাক্যের প্রথম অক্ষর বড় হাতের হয়ে থাকলে তাকে **Sentence Case** বলা হয়। ডকুমেন্টের সিলেক্টেড টেক্সট খুব সহজেই **Sentence Case** এ পরিবর্তন করা যায়।

Sentence Case এর উদাহরণ: A quick brown fox jumps right over the lazy dog.

- ডকুমেন্টের প্রয়োজনীয় টেক্সট সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Font** প্যানেল কিংবা গ্রুপের **Change Case** বাটন এর ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- প্রদর্শিত মেন্যু হতে **Sentence Case** অপশন ক্লিক করুন।




লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টকৃত টেক্সটসমূহ **Sentence Case** এ পরিবর্তিত হয়েছে।

টেক্সট lower case এ পরিবর্তন করা

কোন বাক্যের সকল অক্ষর ছোট হাতের হয়ে থাকলে তাকে **lower case** বলা হয়। ডকুমেন্টের সিলেক্টেড টেক্সট খুব সহজেই **lower case** এ পরিবর্তন করা যায়।

lower case এর উদাহরণ: a quick brown fox jumps right over the lazy dog.

- ডকুমেন্টের প্রয়োজনীয় টেক্সট সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Font** প্যানেল কিংবা গ্রুপের **Change Case** বাটন এর ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- প্রদর্শিত মেন্যু হতে **lowercase** অপশন ক্লিক করুন।




লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টকৃত টেক্সটসমূহ **lower case** এ পরিবর্তিত হয়েছে।

টেক্সট UPPER CASE এ পরিবর্তন করা

কোন বাক্যের সকল অক্ষর বড় হাতের হলে তাকে **UPPER CASE** বলে। ডকুমেন্টের সিলেক্টেড টেক্সট খুব সহজেই **UPPER CASE** এ পরিবর্তন করা যায়।

UPPER CASE এর উদাহরণ: A quick brown fox jumps right over the lazy dog.

- ডকুমেন্টের প্রয়োজনীয় টেক্সট সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Font** প্যানেল কিংবা গ্রুপের **Change Case** বাটন এর ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- প্রদর্শিত মেন্যু হতে **UPPERCASE** অপশন ক্লিক করুন।



লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টকৃত টেক্সটসমূহ **UPPER CASE** এ পরিবর্তিত হয়েছে।


নোট: প্রয়োজনীয় টেক্সট সিলেক্ট করে কীবোর্ডের **Ctrl+Shift+A** চেপেও বড় হাতের করা যায়।

টেক্সট Capitalize Each Word এ পরিবর্তন করা

কোন বাক্যের প্রত্যেক শব্দের প্রথম অক্ষর বড় হাতের হয়ে থাকলে তাকে **Capitalize Each Word** বলা হয়ে থাকে। ডকুমেন্টের সিলেক্টেড টেক্সট খুব সহজেই **Capitalize Each Word** এ পরিবর্তন করা যায়।

Capitalize Each Word এর উদাহরণ: A Quick Brown Fox Jumps Right Over The Lazy Dog.

- ডকুমেন্টের প্রয়োজনীয় টেক্সট সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Font** প্যানেল কিংবা গ্রুপের **Change Case** বাটন এর ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- প্রদর্শিত মেন্যু হতে **Capitalize Each Word** অপশন ক্লিক করুন।




লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টকৃত টেক্সটসমূহ **Capitalize Each Word** এ পরিবর্তিত হয়েছে।

টেক্সট tOGGLE cASE এ পরিবর্তন করা

কোন বাক্যের প্রতিটি শব্দের প্রথম অক্ষর ছোট হাতের এবং বাকীগুলো ছোট হাতের হয়ে থাকে, তাকে **tOGGLE cASE** বলা হয়ে থাকে। ডকুমেন্টের সিলেক্টেড টেক্সট খুব সহজেই **tOGGLE cASE** এ পরিবর্তন করা যায়।

tOGGLE cASE এর উদাহরণ: a qUICK bROWN fOX jUMPS rIGHT oVER tHE lAZY dOG.

- ডকুমেন্টের প্রয়োজনীয় টেক্সট সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Font** প্যানেল কিংবা গ্রুপের **Change Case** বাটন এর ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- প্রদর্শিত মেন্যু হতে **tOGGLE cASE** অপশন ক্লিক করুন।



লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টকৃত টেক্সটসমূহ **tOGGLE cASE** এ পরিবর্তিত হয়েছে।

নোট: কীবোর্ডের **Shift+F3** চেপে সিলেক্টকৃত টেক্সটসমূহ **UPPERCASE, Sentence Case, Capitalize Each Word** এবং **lower Case** এ পরিবর্তন করা যায়।

ফন্ট কালার পরিবর্তন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৩

টেক্সট ডেকোরেশন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৫

> **ফন্ট কেস পরিবর্তন** করার বিভিন্ন পদ্ধতি নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে টেক্সট ডেকোরেশন [Text Decoration] পরিবর্তন করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।